

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩১৯১/২০১৩-২০১৪/(২০১৮-১৯)/

তারিখঃ ২৫.০৭.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব জেড.এম.আমিনুল ইসলাম, কর্মকর্তা, বিকেবি, গাজীপুর শাখা, গাজীপুর ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, কোনাবাড়ী শাখায় পরিদর্শক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ), ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য ৩৭/১৩-১৪ নং বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া ২৪.০২.২০১৫ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩১৯১/২০১৩-২০১৪/১৮৬০ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জেড.এম.আমিনুল ইসলাম আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বিকেবি, কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ),(অ)/(আ)/(ই)/(ঈ)/(উ) প্রবিধি অনুসারে কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দণ্ড প্রদান করা হইবে না- এই মর্মে ০৫.০৪.২০১৭ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩১৯১/২০১৩-২০১৪/৩৩৯১ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি পর্যালোচনা করিয়া আপনি জনাব জেড.এম.আমিনুল ইসলাম আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের বিষয়টির প্রতি নমনীয় মনোভাব পোষন করতঃ আপনাকে গুরুদণ্ডের পরিবর্তে লঘু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (ক) (আ) প্রবিধি মোতাবেক আপনি জেড.এম.আমিনুল ইসলাম আপনাকে আপনার প্রাপ্য পরবর্তী ১(এক)টি বার্ষিক বেতন বর্ধন (০১-০৭-২০১৮ তারিখে প্রাপ্য) ১(এক) বৎসরের জন্য স্থগিত রাখিবার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব জেড,এম, আমিনুল ইসলাম (এ-৩৭৮৮)
কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
গাজীপুর শাখা
গাজীপুর।

স্বাক্ষরিত

(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩১৯১/২০১৩-২০১৪/(২০১৮-১৯)/ ২২৮(৩)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

তারিখঃ ২৫.০৭.২০১৮ ইং

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, গাজীপুর।
- ০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, গাজীপুর।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, গাজীপুর শাখা, গাজীপুর। এতদসঙ্গে প্রেরিত মূল ঘোষণাটি জনাব জেড,এম, আমিনুল ইসলাম এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, কোনাবাড়ী শাখা, গাজীপুর।
- ১২। নথি/মহানথি / মূলনথি।

(মোঃ ওবায়দ উল্লাহ)
সহকারী মহাব্যবস্থাপক